

অর্জিত জ্ঞান আর্তমানবতার সেবায় লাগান

গাজীপুর প্রতিনিধি

১৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:৩১



অর্জিত জ্ঞান আর্তমানবতার সেবায় কাজে লাগাতে নবীন নার্সদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গ্র্যাজুয়েটদের উদ্দেশে তিনি বলেন, আপনাদের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতাকে আর্তমানবতার সেবায় কাজে লাগান। আমাদের কাজই হচ্ছে মানুষের জন্য কাজ করা। জনগণকে সেবা দেওয়া। আমরা স্বাস্থ্যসেবাকে গ্রাম পর্যন্ত পৌঁছে দিয়েছি। দেশের বিভিন্ন স্থানে বিষয়ভিত্তিক ইনস্টিটিউট করে দিয়েছি।

গতকাল বুধবার সকালে গাজীপুরের কাশিমপুর তেঁতুইবাড়ি এলাকায় অবস্থিত শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজের প্রথম স্নাতক সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, এটি বাংলাদেশে একটি প্রথম আন্তর্জাতিক মানের নার্সিং কলেজ। এ নার্সিং কলেজ থেকে যেসব শিক্ষার্থী গ্র্যাজুয়েশন করলেন তারা সবাই আন্তর্জাতিক মানের শিক্ষা নিয়েছেন। তাদের দেখে অনেক তরুণ-তরুণী এ নার্সিং পেশায় আসতে আগ্রহী হবে। মানুষের সেবা করার জন্য নার্সিং একটা মহৎ পেশা। ইতোমধ্যে বিদেশ থেকেও নার্সদের প্রশিক্ষণ দিয়ে নিয়ে এসেছি। বিদেশে যেমন প্রশিক্ষণ চলবে, তেমনি দেশেও যেন শিক্ষার মানটা আন্তর্জাতিক মানে উন্নীত হয় সে ব্যবস্থাও আমরা নেব।

শেখ হাসিনা বলেন, জরুরি রোগী আনা-নেওয়ার জন্য এখানে একটি আন্ডারপাস নির্মাণ করা হয়েছে। তিনি আরও বলেন, আগামীতে এখানে একটি মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা

করব।

অনুষ্ঠানে এনার্জি প্যাক লিমিটেড কর্তৃপক্ষ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজের জন্য দুটি অ্যাম্বুলেন্সের চাবি প্রধানমন্ত্রীর হাতে তুলে দেয়।

অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সহসভাপতি ও প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানা বিশেষ অতিথি ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওই বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজের সিইও মো. তৌফিক বিন ইসমাইল। গ্র্যাজুয়েশন বক্তা হিসেবে বক্তব্য রাখেন মালয়েশিয়ার স্কুল অব মেডিসিন কেপিজে হেলথকেয়ার ইউনিভার্সিটি কলেজের উপাচার্য ও ডিন প্রফেসর দাতো ডা. লোকমান সাঈম। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক, সংসদ সদস্য মেহের আফরোজ চুমকি, ইকবাল হোসেন সবুজ, গাজীপুর সিটি মেয়র জাহাঙ্গীর আলম, গাজীপুর জেলা পরিষদের চেয়ারম্যান আখতারুজ্জামান, জেলা প্রশাসক এসএম তরিকুল ইসলাম, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার আনোয়ার হোসেনসহ সরকারি বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

advertisement